দূরভাষ ঃ ০৩৩-২২৫৭ ০২১৩
চলভাষ ঃ ৭৬০৩০ ৮৯৫৮৮
E-mail : vivekananda.ancestralhouse@rkmm.org
Website : www.vivekanandahome.org

রামকৃষ্ণ মিশন
স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্র
১০৫, বিবেকানন্দ রোড, কোলকাতা-৭০০ ০০৬

স্মারক নম্বর- ৮/২৫

তারিখ: ২৭/১০/২০২৫

প্রজ্ঞাপন

বিষয়: আবাসিক যুব শিবিরে (কেবল পুরুষগণের জন্য) যোগদান

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আগামী ২৮ নভেম্বর ২০২৫ শুক্রবার থেকে ৩০ নভেম্বর ২০২৫ তারিখ রবিবার পর্যন্ত উপরের ঠিকানায় আবাসিক যুবশিবিরের আয়োজন করা হয়েছে। স্বামী বিবেকানন্দ ছিলেন ত্যাগ ও সেবার প্রতিমূর্তি। তরুণ প্রজন্মের মধ্যে এই মহান আদর্শ সঞ্চারিত করার লক্ষ্যে এই আয়োজন।

আবাসিক যুবশিবিরে যোগদানের সাধারণ নিয়মাবলী নিম্নরূপ:

ক) শিক্ষার্থী হিসাবে কেবল পুরুষগণই শিবিরে যোগ দিতে পারবেন।

খ) যোগদানকারীর বয়স অন্ততঃ ১৪ বছর অথবা তাকে অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। বয়সের ঊর্ধ্বসীমা ৩০ বৎসর।

গ) অনুদান মাথাপিছু ৩০০ টাকা, যা নিচের লিঙ্কের মাধ্যমে স্বামীজীর বাড়ির পোর্টালে জমা দিতে হবে :
https://vivekanandahomeslc.org/rea/events/events.php

ঘ) আসন সংখ্যা- ২৫

ঙ) অংশগ্রহণকারীদের ২৮ নভেম্বর বিকাল ৪টার মধ্যে শিবিরে পৌঁছাতে হবে এবং ১ ডিসেম্বর সকাল ৮টায় শিবির ত্যাগ করা যাবে। শিবির চলাকালীন শিবিরের বাইরে যাওয়া যাবে না। শিবিরের নিয়মাবলী নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে মেনে চলতে হবে।

চ) শিবিরে থাকবার জন্য নিজস্ব বিছানা, মশারি, থালা, গ্লাস, ডায়েরী, টুথ ব্রাশ-পেস্ট, ব্যক্তিগত ওষুধপত্র সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রী সঙ্গে আনতে হবে।

ছ) শিবিরে যাতায়তের খরচ যোগদানকারী নিজে বহন করবেন।

জ) আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল জমা দিতে হবে।

*শিবিরের পথ নির্দেশ :*

*শিয়ালদহ থেকে শ্যামবাজারের দিকে ২৪০ নম্বর বাসে এসে বিবেকানন্দ রোড বাস স্টপে নামতে হবে। অথবা শিয়ালদহ স্টেশন থেকে যে কোন বাসে মানিকতলায় নেমে অটো ধরে বিবেকানন্দ রোড বাস স্টপে আসতে হবে।*

*হাওড়া থেকে- বাস নম্বর- ২১৫, এল২৩৮ ও ২১৯ নম্বর বাস ধরে বিবেকানন্দ রোড ক্রসিং এ নামতে হবে।*

(স্বামী জ্ঞানলোকানন্দ)
সম্পাদক

বি. দ্র.- ১) সমস্ত অংশগ্রহণকারীকে শংসাপত্র (Certificate) প্রদান করা হবে।

২) যোগাযোগের মাধ্যম : (সকাল ১০টা থেকে ১২টা ও বিকাল ৩-৩০ থেকে ৫-৩০)-
7003206825/9051741559